



মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট-৯৩৫১
ওয়েব সাইট : www.mpa.gov.bd
মোবাইল নং : ০১৭৪০৬২৫৭৪০
ইমেইল : prompa6@gmail.com

প্রেস বিজ্ঞপ্তি

যথাযথ মর্যাদায় মোংলা বন্দর কর্তৃপক্ষের মহান বিজয় দিবস উদযাপন।

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, মোংলা বন্দর কর্তৃপক্ষ যথাযথ মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে উদযাপন করছে। বিজয় দিবস উপলক্ষে মোংলা বন্দর বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে দিনটির শুরু করে। বন্দরে অবস্থানরত দেশী-বিদেশী সকল জাহাজে এক মিনিট বিরতিহীন হুইসেল প্রদান, সূর্যদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন, মবক এর স্মৃতি সৌধে পুষ্পস্তবক অর্পন, ভলিবল প্রতিযোগিতা ও কর্তৃপক্ষের শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। সকাল ১০.০০ ঘটিকায় বন্দর সভাকক্ষে মোংলা বন্দরে কমরত বীর মুক্তিযোদ্ধাদের কে সংবর্ধনা প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান কমডোর এ কে এম ফারুক হাসান, বিএন। সভায় সভাপতিত্ব করেন জনাব প্রণব কুমার রায়, পরিচালক (প্রশাসন)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইয়াসমিন আফসানা, সদস্য (অর্থ) এছাড়াও কর্তৃপক্ষের বিভাগীয় প্রধানগণ, মুক্তিযোদ্ধা প্রজন্ম, বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী, অফিসাস এ্যাসোসিয়েশন, সিবিএ নেতৃবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে কমডোর এ কে এম ফারুক হাসান বলেন- হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সদস্য, ৩০ লক্ষ শহীদের এবং ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবীদের বিনম্র শ্রদ্ধা জানিয়ে বলেন আমরা সৌভাগ্যবান জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের একটি স্বাধীন দেশ উপহার দিয়ে গেছেন। নিষ্ঠাবান দায়িত্বশীলতার মাধ্যমে বন্দরের দায়িত্ব পালন করতে হবে। আমরা মোংলা বন্দরের যার যার অবস্থান থেকে দেশের উন্নয়নে অবদান রাখতে পারি। বঙ্গবন্ধুর আদর্শ মনের মধ্যে রেখে আমাদের দেশের জন্য কাজ করে যেতে হবে।

বন্দরের সকল মসজিদে জাতীয় শান্তি, সমৃদ্ধি ও বন্দরের অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাতের মাধ্যমে দিনব্যাপি কর্মসূচী সমাপ্ত করা হয়।

মোঃ মাকরুজ্জামান
জনসংযোগ কর্মকর্তা